

// জাতীয় বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সপ্তাহ আজ শুরু //

ইতিহাসিক রিপোর্ট ॥ আজ শনিবার ২৫তম জাতীয় বিজ্ঞান এবং তথ্য যোগাযোগ প্রযুক্তি সপ্তাহ শুরু হচ্ছে। প্রযুক্তি সপ্তাহ উদযাপন উপলক্ষে গতকাল প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এক বাণীতে বলেছেন, যে জাতি যত বেশী বিজ্ঞান চর্চায় ব্রতী হয়েছে, তার উন্নয়নের ধারার গতিও সেই হারে ত্বরান্বিত হয়েছে। ইতিহাসের এই সতাকে উপলব্ধি করেই শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ১৯৭৮ সালে বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপনের সূচনা করেন। তারই ধারাবাহিকতায় আজ আমরা বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের রক্ত জয়ন্তী বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি সপ্তাহ হিসেবে পালন করছি। কারণ সময়ের সাথে বিজ্ঞান ও প্রযুক্তির ধারাও বদলে যাচ্ছে এবং সাম্প্রতিককালে তথ্য ও প্রযুক্তি এই ধারায় নতুন মাত্রা যোগ করেছে।

প্রযুক্তি সপ্তাহ পালন উপলক্ষে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় আয়োজিত কেন্দ্রীয় অনুষ্ঠান এবং 'দি ইমার্জিং রোল অব সায়েন্স এন্ড ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি ইন দি বাংলাদেশ ডেভেলপমেন্ট কনটেক্সট' শীর্ষক কর্মশালার উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া। আজ দুপুর ১২টায় বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে এই উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি থাকবেন মন্ত্রী ডঃ আব্দুল মঈন খান। সভাপতিত্ব করবেন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব কারার মাহমুদুল হাসান।